

বাংলাদেশ সুপ্রীম কোর্ট

হাইকোর্ট বিভাগ, ঢাকা।

(প্রশাসন শাখা)

www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি



বিজ্ঞপ্তি নং- ২২৮ এ,

তারিখ : ১৬ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ
৩০ জুন ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়: বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের বিচারিক কার্যক্রম সীমিত পরিসরে পরিচালনা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, করোনাভাইরাস (কোভিড-১৯) এর প্রাদুর্ভাবজনিত উদ্ভূত পরিস্থিতিতে বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের বিচারিক কার্যক্রম আগামী ০১/০৭/২০২১ খ্রি: হতে ০৭/০৭/২০২১ খ্রি: তারিখ পর্যন্ত সীমিত পরিসরে পরিচালিত হবে।

০২। রীট ও দেওয়ানী, ফৌজদারী এবং কোম্পানী ও অ্যাডমিরালটি সংক্রান্তে একটি করে মোট ০৩ (তিন) টি বেঞ্চ তথ্য-প্রযুক্তি ব্যবহার করে ভার্চুয়াল উপস্থিতির মাধ্যমে অতীব জরুরী বিষয়ে শুনানি করবেন। হাইকোর্ট বিভাগের মাননীয় বিচারপতিবৃন্দ, বিজ্ঞ আইনজীবীবৃন্দ এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণ নিজ নিজ বাসগৃহ হতে ভার্চুয়াল পদ্ধতিতে শুনানীতে সংযুক্ত হবেন।

০৩। ০১/০৭/২০২১খ্রি: তারিখ হতে উদ্ভূত বিষয়ের শুনানী সংক্রান্তে বাংলাদেশ সুপ্রীম কোর্টের রেজিস্ট্রার জেনারেল (০১৩০০-৫৮৬৯৪৮), হাইকোর্ট বিভাগের রেজিস্ট্রার (০১৭১১-৮৩৮৪২৬), আপীল বিভাগের রেজিস্ট্রার (০১৬৭৪-১৭৪৬৪৯) এবং স্পেশাল অফিসার (০১৭৫৩-৪১০৬২০) এর সাথে যোগাযোগ করবেন। দরখাস্তের বিষয়ে উক্ত কর্মকর্তাগণ সংশ্লিষ্ট মাননীয় বিচারপতি মহোদয়কে অবহিত করবেন এবং মাননীয় বিচারপতি মহোদয় কর্তৃক অতীব গুরুত্বপূর্ণ বিবেচিত দরখাস্তই কেবল উক্ত কর্মকর্তাগণ কর্তৃক প্রদানকৃত ই-মেইলে প্রেরণ করা যাবে।

০৪। উক্ত সময়ে বাংলাদেশ সুপ্রীম কোর্ট প্রাপ্তে বিজ্ঞ আইনজীবী এবং বিচারপ্রার্থীদের না আসার জন্য অনুরোধ করা হলো।

বাংলাদেশের প্রধান বিচারপতির আদেশক্রমে

স্বাঃ/-

(মোঃ আলী আকবর)

রেজিস্ট্রার জেনারেল

ফোনঃ ৯৫৬২৭৮৫


ই-মেইল rg@supremecourt.gov.bd

স্মারক নং- ৩৭২২

তারিখ : ১৬ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ
৩০ জুন ২০২১ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. বাংলাদেশের অ্যাটর্নি-জেনারেল, ঢাকা।
২. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা।
৪. সভাপতি/সেক্রেটারী, বাংলাদেশ সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন, ঢাকা।
৫. অতিরিক্ত রেজিস্ট্রার/স্পেশাল অফিসার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা.....(সকল)।
৬. ডেপুটি রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা.....(সকল)।
৭. প্রধান বিচারপতির সচিব/একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা।
৮. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
৯. বেঞ্চ অফিসার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (মাননীয় বিচারপতি মহোদয়ের সাথে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীদের অবগত করার অনুরোধ করা হলো)।
১০. ব্যক্তিগত কর্মকর্তা টু মাননীয় বিচারপতি (সকল)। (সকল মাননীয় বিচারপতি মহোদয়গণকে অবগত করানোর অনুরোধ করা হলো)।


(কাজী আরাফাত উদ্দীন)
সহকারী রেজিস্ট্রার (প্রশাসন)
হাইকোর্ট বিভাগ